

নং-টিভি-১৭৭৬/ ৫৫৭

তারিখ: ২৭ মাঘ ১৪৩২
২০ ফেব্রুয়ারি ২০২৬

অফিস আদেশ

বাংলাদেশ টেলিভিশন খুলনা উপকেন্দ্রের নিরাপত্তা পরিদর্শক জনাব মোঃ শাহীদ আলী খাঁন-এর জন্ম তারিখ ১০.০২.১৯৬৭ খ্রিষ্টাব্দ হিসেবে ০৯.০২.২০২৬ খ্রিষ্টাব্দে তার বয়স ৫৯ (উনষাট) বছর পূর্ণ হবে। সরকারী চাকুরি আইন ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩(১)(ক), জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১০ অনুচ্ছেদ এবং অর্থ মন্ত্রণালয়ের ০৬.০৪.২০১০ তারিখের অম/অবি/প্রবি-১/চা:বি:-৩/২০১০(অংশ)/৬২ সংখ্যক প্রজ্ঞাপন মোতাবেক তাঁকে ০৯.০২.২০২৬ খ্রিষ্টাব্দ চাকুরি হতে অবসর প্রদানপূর্বক ১০.০২.২০২৬ থেকে ০৯.০২.২০২৭ খ্রিষ্টাব্দ পর্যন্ত ১২ (বারো) মাস পূর্ণগড় বেতনে অবসরোত্তর ছুটি মঞ্জুর করা হলো।

০২। জনাব মোঃ শাহীদ আলী খাঁন-এর সার্ভিস বুক লিপিবদ্ধ ছুটির হিসাব অনুযায়ী পূর্ণগড় বেতনে ০১ বছর ০৬ মাস ২৮ দিন এবং অর্ধগড় বেতনে ০২ বছর ১১ মাস ২৫ দিন অর্জিত ছুটি পাওনা আছে। উক্ত ছুটির হিসাব থেকে অবসরোত্তর ছুটি হিসেবে প্রাপ্য পূর্ণগড় বেতনে ১২ (বারো) মাসের ছুটির পর নগদায়নের জন্য পূর্ণগড় বেতনে এবং অর্ধগড় বেতনে পাওনা ছুটি নিম্নরূপ:

- ক) পূর্ণগড় বেতনে ০৬ মাস ২৮ দিন।
খ) অর্ধগড় বেতনে ০২ বছর ১১ মাস ২৫ দিন।

০৩। 'ক' এ বর্ণিত পূর্ণগড় বেতনে ০৬ মাস ২৮ দিন এবং 'খ' এ বর্ণিত অর্ধগড় বেতনে ০২ বছর ১১ মাস ২৫ দিন ছুটিসহ পূর্ণগড় বেতনে রূপান্তর করে মোট ছুটি পাওনা হয় ০২ বছর ২৫ দিন (যা পূর্ণগড়ে ২৪ মাস ২৫ দিন)।

০৪। সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ছুটিতে যাওয়ার অব্যবহিত পূর্বের তারিখে অর্থাৎ ০৯.০২.২০২৬ তারিখে তার মূল বেতন ৳.২৩,৫০০/- (তেইশ হাজার পাঁচশত টাকা) হিসেবে তার ১৮ মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ (২৩,৫০০×১৮)=৪,২৩,০০০/- (চার লক্ষ তেইশ হাজার) টাকা মাত্র।

০৫। সরকারী কর্মচারী আইন ২০১৮ এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী নিরাপত্তা পরিদর্শক জনাব মোঃ শাহীদ আলী খাঁন-এর অবসরোত্তর ছুটি ও প্রাপ্যতা অনুযায়ী এককালীন মঞ্জুরি জ্ঞাপন করা হলো।

স্বাঃ/-

মোঃ মাহবুবুল আলম
মহাপরিচালক

ফোন: ৫৫১৩২২২২ (অফিস)

Email: dg@btv.gov.bd

নং-টিভি-১৭৭৬/ ৫৫৭

তারিখ: ২৭ মাঘ ১৪৩২
২০ ফেব্রুয়ারি ২০২৬

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। পরিচালক (অর্থ), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৩। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, খুলনা।
০৪। উপকেন্দ্র প্রধান, বাংলাদেশ টেলিভিশন, খুলনা উপকেন্দ্র, খুলনা।
০৫। জনাব মোঃ শাহীদ আলী খাঁন, নিরাপত্তা পরিদর্শক, খুলনা উপকেন্দ্র, খুলনা।
০৬। কার্যালয় নথি।

খুলনা উপকেন্দ্রের নিরাপত্তা পরিদর্শক কার্যালয়	
প্রোগ্রামার-১	ব্যবস্থা দিন
প্রোগ্রামার-২	<input type="checkbox"/> উপস্থাপন করণ
রক্ষণাবেক্ষণ প্রকৌশলী	<input type="checkbox"/> কাজ বন্ধ
সহ-প্রোগ্রামার	<input type="checkbox"/> তাগিদ দিন
সহ-রক্ষণাবেক্ষণ প্রকৌশলী	<input type="checkbox"/>
পিএ	
	সিনিয়র সিস্টেম এনালিস্ট

(মোঃ নাজিম উদ্দিন)
সহকারী পরিচালক (প্রশাসন)